

আমি তাজ বলছি(৬/১১)

আমি তাজ বলছি.....
আমার গল্পজে বসা পায়রা গুলো
হয়তো তাদের আশ্রয় হারালো
নতুন কোনো ঠিকানার খোঁজে হয়তো
তাই তারা উড়ে গেল.....
আমার সামনের সমুদ্রটা যদি কথা বলতে পারতো
তাহলে হয়তো আমায় সাবধান করে দিয়ে বলতো
বন্ধু তোমার দেহে হাজারও ক্ষত দিতে ওরা আসছে.....
ও রোজ আমার ছায়া ওর জলে দেখে
আর আমি আমার সৌন্দর্য নিয়ে ইর্ষা যেতাম
ওর দিকে তাকিয়ে হাসতাম।
আর,আজ মৃত্যুর সওদাগর-রা আমায় করে
গেছে কালিমা লিপ্ত
বুলেট আর গ্নেনেডের আঘাতে আমার দেহ
আজ ছিন্ন-ভিন্ন.....
তাই আজ আমি ভীত।
আমার দেওয়াল গুলো যদি নির্বাক না হতো
তাহলে হয়তো আর্তনাদ করে কান্নয় ভেঙে পরত।
এই তিনদিন আমি ছিলাম অসহায়,প্রতি মুহূর্ত
কেটেছে উৎকণ্ঠায়,
শুধু নির্বাক চোখে দেখে গেছি মৃত্যুর মিছিল
আজও আমার দেহে রয়ে গেছে, আমার কত
আত্মীয়ের তাজা রক্তের দাগ।
আগুনের লেলিহান শিখায় বার বার পুড়ছে
আমার দেহ।
আজ আমার বন্দীদশা ঘুঁচলো ৩দিন পর
বীর শহীদদের রক্তের বিনিময়ে।
কাপুরুষ তারা যারা নির্বিকার আমায়
শরীরে বুলেট চালিয়েছিল
আর,কাপুরুষ তারা যারা আমার
শহীদদের অপমান করে।
আমি তোমাদের মত করে মোমবাতি হাতে
প্রতিবাদ জানাতে পারবো না হয়তো
কিন্তু পারবো নিঃশুপ থেকে,তোমাদের বুক
জ্বালামুখী জ্বালাতে.....।

মীর গোলাম সাবীর আলী
আমার কবিতা সংগ্রহ
৯৮৩৬১০৭৯৫৭